



জাতীয় বিশ্ববিদ্যালয়
পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর
গাজীপুর

স্মারক নং ০৫(৪৭৩) জাতীঃ বিঃ/পরীঃ/ডিগ্রী পাস/২০১৬/১৯২২

তারিখ : ০৯/০৩/২০১৭

ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ পরীক্ষা- ২০১৬
ফরম পূরণ ও ডাটা নিশ্চয়নের সময় বৃদ্ধি সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৫-১৬, ২০১৪-১৫ ও ২০১৩-১৪ শিক্ষাবর্ষের শিক্ষার্থী ও ২০১৬, ২০১৫ ও ২০১৪ সালের / শিক্ষাবর্ষের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত যে সকল শিক্ষার্থী ২০১৬ সালের ১ম বর্ষ পরীক্ষার ফরম পূরণ ও ডাটা নিশ্চয়ন করতে পারেনি এবং ২০১৪-১৫, ২০১৩-১৪ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৫, ২০১৪ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৫ সালের ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Not Promoted হয়েছে বা কোন কোর্স/পত্রে C গ্রেড, D গ্রেড ও F গ্রেড পেয়েছে তাদের মানোন্নয়ন/গ্রেড উন্নয়নের লক্ষ্যে ফরম পূরণের বিস্তারিত নিয়মাবলী নিম্নে দেয়া হলো :


১। সম্ভাব্য পরীক্ষার্থীর তালিকা, বিষয় সংকেত বিবরণী ফরম, প্রশ্নপত্রের চাহিদা ফরম, ডাটা এন্ট্রি সফটওয়্যার ও পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলীসহ প্রয়োজনীয় তথ্যাদি জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব-সাইটে (www.nubd.info/degree-pass) পাওয়া যাবে। উক্ত ওয়েবসাইট যথাসময়ে চালু হবে এবং ডাটা এন্ট্রির নির্ধারিত সময়ের পর তা স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে বিধায় যথাসময়ে পরীক্ষার্থী ও কলেজকে ডাটা এন্ট্রি সম্পন্ন করতে হবে।

২। পরীক্ষার্থীর ডাটা এন্ট্রি, নিশ্চয়ন, বিবরণী ফরম, প্রশ্নপত্রের চাহিদা ফরম পূরণ ও জমা করার তারিখ :

শিক্ষার্থীর ডাটা এন্ট্রি, নিশ্চয়ন, বিবরণী ফরম, প্রশ্নপত্রের চাহিদা ফরম পূরণ ও জমা করার তারিখ :

ক) পরীক্ষার্থী কর্তৃক অনলাইনে ফরম পূরণের আবেদন করার তারিখ	: ১৩/০৩/২০১৭ হতে ২২/০৩/২০১৭ পর্যন্ত
খ) শিক্ষার্থী কর্তৃক প্রিন্টকৃত ফরম কলেজে জমা দেয়ার শেষ তারিখ	: ২৩/০৩/২০১৭
গ) শিক্ষার্থীর ডাটা নিশ্চয়ন করার তারিখ (কলেজ কর্তৃক)	: ২৭/০৩/২০১৭ হতে ২৮/০৩/২০১৭ পর্যন্ত
ঘ) সোনালী সেবার মাধ্যমে টাকা জমার তারিখ (কলেজ কর্তৃক)	: ২৯/০৩/২০১৭ হতে ৩০/০৩/২০১৭ পর্যন্ত
ঙ) Pay Slip, ফিস বিবরণী, শিক্ষার্থী বিবরণী ও অন্যান্য কাগজপত্র সংশ্লিষ্ট শাখায় জমা দেয়ার তারিখ	: ০২/০৪/২০১৭

উল্লেখ্য ইতোপূর্বে স্মারক নং ০৫(৪৭৩) জাতীঃ বিঃ/পরীঃ/ডিগ্রী পাস/২০১৬/১৮৭৩ তারিখ : ০৮/১১/২০১৬ মোতাবেক প্রকাশিত বিজ্ঞপ্তির অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে। তবে C গ্রেড, D গ্রেড ও F গ্রেড প্রাপ্তদের ক্ষেত্রে মানোন্নয়ন/ গ্রেড উন্নয়নের জন্য প্রতি পত্রে ১০০/- হারে ফি দিতে হবে। এসব পরীক্ষার্থী বিশেষ অন্তর্ভুক্তি ফি বাবদ ৩০০/- টাকা হারে প্রদান করবে।


(বদরুজ্জামান)

পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
ফোন : ০২-৯২৯১০১৭ (অফিস)

তারিখ : ০৯/০৩/২০১৭

স্মারক নং ০৫(৪৭৩) জাতীঃ বিঃ/পরীঃ/ডিগ্রী পাস/২০১৬/১৯২২

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি দেয়া হলো :

- ১। ডীন, স্নাতক পূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ২। পরিচালক (অর্থ ও হিসাব), জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৩। পরিচালক, তথ্য, পরামর্শ ও নির্দেশনা ইউনিট, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ✓ ৪। পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
(বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)
- ৫। পরিচালক, জনসংযোগ ও প্রকাশনা বিভাগ, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৬। মহাপরিচালক, বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর, সদর দপ্তর, উত্তরা, ঢাকা
- ৭। সম্পাদক, বাংলাদেশ স্কাউট, রোভার অঞ্চল, কাকরাইল, ঢাকা
- ৮। অধ্যক্ষ/ভারপ্রাপ্ত কর্মকর্তা, ডিগ্রী (পাস) পাঠদানকারী সংশ্লিষ্ট কলেজসমূহ
- ৯। অফিস কপি



(মোহাম্মদ হোসেন)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
ফোন : ০২-৯২৯১০৩৮